[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

তাসকিন

জিম্বাবুয়ের বিপক্ষে সিরিজের পঞ্চম ও শেষ টি-টোয়েন্টিতে খেলননি তাসকিন আহমেদ। জানা যায়, চোটের কারণে খেলেননি এই টাইগার পেসার। চোট কতটা গুরুতর তা এখনও নিশ্চিতভাবে জানা যায়নি। আসন্ন টি-টোয়েন্টি বিশ্বকাপ খেলতে পারবেন কিনা তা এখনো নিশ্চিতভাবে বলা যাচ্ছে না।

তাসকিনের ইনজুরি প্রসঙ্গে বাংলাদেশ ক্রিকেট বোর্ডের (বিসিবি) চিকিৎসক দেবাশীষ চৌধুরী গণমাধ্যমকে বলেন, ‘তাসকিন শেষ ম্যাচে (চতুর্থ ম্যাচে) বোলিং করতে গিয়ে পাঁজরে কিছুটা ব্যথা অনুভব করে। সেই ব্যথা আজ সকালেও ছিল যে কারণে ম্যাচ খেলানো হয়নি। সে পর্যবেক্ষণে রয়েছে।’

এই পেসারের চোট কতটা গুরুতর তা এখনও নিশ্চিতভাবে জানা যায়নি। তার স্ক্যান রিপোর্ট এখনও হাতে আসেনি। রিপোর্ট হাতে পেলে বিস্তারিত জানা যাবে।

আজ (রোববার) মিরপুরে গণমাধ্যমের মুখোমুখি হয়েছিলেন তাসকিন। বিশ্বকাপ খেলতে পারবেন কিনা এমন প্রশ্নে টাইগার এই পেসার বলেন, ‘এখনই কোনো কিছু নিশ্চিতভাবে বলা যাচ্ছে না।’

সূত্র: ইত্তেফাক

বাংলাদেশ সিরিজের পূর্ণাঙ্গ সূচি প্রকাশ করল ওয়েস্ট ইন্ডিজ

চলতি বছরের নভেম্বর-ডিসেম্বরে ওয়েস্ট ইন্ডিজ সফর করবে বাংলাদেশ ক্রিকেট দল। এই সফরের পূর্ণাঙ্গ সূচি প্রকাশ করেছে ওয়েস্ট ইন্ডিজ। নিজেদের মাটিতে মে থেকে ডিসেম্বর পর্যন্ত যথাক্রমে দক্ষিণ আফ্রিকা, ইংল্যান্ড ও বাংলাদেশের বিপক্ষে খেলবে ক্যারিবিয়ানরা। শুক্রবার (১০ মে) ক্রিকেট ওয়েস্ট ইন্ডিজ

(সিডব্লিউআই) ঘোষণা করেছে তাদের ঘরোয়া গ্রীষ্মকালীন সূচি।

টেস্ট ক্রিকেট দিয়ে শুরু হবে দুই দলের মাঠের লড়াই। আগামী ২২ নভেম্বর শুরু হবে সিরিজের প্রথম টেস্ট। ম্যাচটি হবে অ্যান্টিগায়। এরপর ৩০ নভেম্বর থেকে শুরু হতে যাওয়া দ্বিতীয় টেস্টের ভেন্যু জ্যামাইকা।

টেস্ট সিরিজ শেষে সেন্ট কিটসে যাবে দুই দল। সেখানে হবে তিন ম্যাচের ওয়ানডে সিরিজ। সিরিজের প্রথম ওয়ানডে ম্যাচটি হবে ৮ ডিসেম্বর। একদিনের বিরতির পর ১০ ডিসেম্বর দ্বিতীয় ম্যাচ। আর সিরিজের শেষ ও তৃতীয় ওয়ানডে ম্যাচটি অনুষ্ঠিত হবে ১২ ডিসেম্বর।

ওয়ানডে সিরিজের পর দুই দিনের বিরতি। এরপর শুরু হবে তিন ম্যাচের টি-টোয়েন্টি সিরিজ। ১৫ ডিসেম্বর সিরিজের প্রথম টি-টোয়েন্টি। একদিন বিরতির পর দ্বিতীয় ম্যাচ ১৭ ডিসেম্বর। আর সিরিজের শেষ ম্যাচটি ১৯ ডিসেম্বর। টি-টোয়েন্টি সিরিজের তিনটি ম্যাচই অনুষ্ঠিত হবে সেন্ট ভিনসেন্টে।

সূত্র: ইত্তেফাক

বাংলাদেশ-জিম্বাবুয়ে ম্যাচে পাইলট আসিম জাওয়াদকে স্মরণ

জিম্বাবুয়ের বিপক্ষে পাঁচ ম্যাচের টি-টোয়েন্টি সিরিজের প্রথম তিন ম্যাচ জিতে ইতোমধ্যে সিরিজ নিজেদের করে নিয়েছে টাইগাররা। এবার হোয়াইটওয়াশের লক্ষ্য শান্তদের।

সেই লক্ষ্যে তিন পরিবর্তন নিয়ে আজ শুক্রবার (১০ মে) মাঠে নেমেছে বাংলাদেশ। টস জিতে বাংলাদেশকে ব্যাটিংয়ে পাঠিয়েছে জিম্বাবুয়ের অধিনায়ক সিকান্দার রাজা।

এ ম্যাচের আগে স্মরণ করা হলো চট্টগ্রামে বিধ্বস্ত হয়ে মারা যাওয়া বিমানবাহিনীর প্রশিক্ষণ যুদ্ধবিমানের পাইলট স্কোয়াড্রন লিডার আসিম জাওয়াদকে। ম্যাচ শুরু হওয়ার আগে দুই দলের

ক্রিকেটাররাই এক মিনিট নিরব থাকেন।

বাংলাদেশ ক্রিকেট বোর্ডের অফিসিয়াল বার্তায় বলা হয়েছে, গতকাল চট্টগ্রামে বিমান বিধ্বস্ত হয়ে নিহত হওয়া স্কোয়াড্রন লিডার অসিম জাওয়াদের সম্মানে মিরপুরে সিরিজের চতুর্থ টি-টোয়েন্টি ম্যাচ শুরুর আগে এক মিনিট নীরবতা পালন করবে বিসিবি।

এর আগে বৃহস্পতিবার (৯ মে) সকালে প্রশিক্ষণ উড়োজাহাজে আগুন লাগার পর দুজন বৈমানিক প্যারাস্যুট দিয়ে নেমে আসেন। এ সময় কর্ণফুলী নদী থেকে তাদের উদ্ধার করে বিএনএস পতেঙ্গা হাসপাতালে ভর্তি করানো হয়। চিকিৎসাধীন অবস্থায় এদিন দুপুর ১২টার দিকে স্কোয়াড্রন লিডার অসিম জাওয়াদের মৃত্যু হয়।

সূত্র: ইত্তেফাক

বিশ্বকাপের জন্য দল ঘোষণা করলো পাপুয়া নিউগিনি

প্রথম বারের মতো ২০২১ সালে টি-টোয়েন্টি বিশ্বকাপ খেলার যোগ্যতা অর্জন করে আইসিসির সহযোগী দেশ পাপুয়া নিউগিনি। তবে গেল আসরে আর তাদের দেখা যায়নি। আসরের পরই ফের ফিরেছে তারা। আসন্ন ওয়েস্ট ইন্ডিজ ও যুক্তরাষ্ট্রে অনুষ্ঠিত হতে যাওয়া টি-টোয়েন্টি বিশ্বকাপে খেলার টিকিট নিশ্চিত করে প্রশান্ত মহাসাগরের কোলঘেঁষা দেশটি। এবারের আসর সামনে রেখে অভিজ্ঞতাকে প্রাধান্য দিয়ে দল ঘোষণা করেছে দলটি।

গতকাল এক বিবৃতিতে আসন্ন টি-টোয়েন্টি বিশ্বকাপের জন্য ১৫ সদস্যের দল ঘোষণা করে পাপুয়া নিউগিনি। ২০২১ বিশ্বকাপের মতো এবারের আসরেও দলটিকে নেতৃত্ব দেবেন আসাদ ভালা। এক বিবৃতিতে এবারের আসরে নিজেদের আশা নিয়ে দেশটির ক্রিকেট জানায়, ‘আমাদের দলে দুর্দান্ত কিছু খেলোয়াড় আছে। গত টি-টোয়েন্টি বিশ্বকাপে যাওয়া কিছু ছেলেকে অনেক প্রশিক্ষণ দেওয়া হয়েছে, এটা অন্যরকম অনুভূতি। কারণ ২০২১ বিশ্বকাপ কোভিডের সময় ছিল। যার জন্য সেই সময় তেমন

একটা প্রস্তুতি নেওয়ার সুযোগ ছিল না। আমরা এই আসরের জন্য মুখিয়ে আছি। কারণ আমরা জানি আমরা এবার ভালো করতে যাচ্ছি।’

এবারের আসরে ‘সি’ গ্রুপে খেলবে দলটি; যেখানে তাদের প্রতিপক্ষ স্বাগতিক ওয়েস্ট ইন্ডিজ, নিউজিল্যান্ড, আফগানিস্তান ও উগান্ডা। ২ জুন স্বাগতিক ওয়েস্ট ইন্ডিজের বিপক্ষে ম্যাচ দিয়ে বিশ্বকাপ মিশন শুরু করবে দেশটি।

সূত্র: ইত্তেফাক

ফেড কাপের ফাইনালে মোহামেডান

মুন্সীগঞ্জের গ্যালারিতে কয়েক শ দর্শক সাদাকালো পতাকা হাতে। কয়েক দিন আগের মতো রোদের তাপ নেই বলে সমর্থকরা লাফালাফি করেও থেমে গেল, মোহামেডান গোল হজম করেছে। ফেডারেশন কাপ ফুটবলের প্রথম সেমিফাইনাল পুলিশের বিপক্ষে। দ্বিতীয়ার্ধে কিছু বুঝে উঠার আগেই গোল হজম করে পিছিয়ে যায় মোহামেডান। ৪৭ মিনিটে উজবেকিস্তানের ফরোয়ার্ড আখররবেক উকতামভ দর্শনীয় গোল (১-০) করে পুলিশকে প্রথমবারের মতো ফাইনালে উঠার স্বপ্ন দেখাচ্ছিলেন। সেই স্বপ্ন ভেঙে খান খান করে দিতে খুব বেশি সময় লাগেনি মোহামেডানের।

বিতীয়ার্ধে মোহামেডান ঝলসে উঠল। গোল ফিরিয়ে দিল, ম্যাচ জয়ের গোলও করল। আর তাতেই মোহামেডান ২-১ গোলে পুলিশকে হারিয়ে ফাইনালের টিকিট পেয়ে গেল। মোহামেডান সমর্থকরা আনন্দে আত্মহারা। লাফালাফি করে কেউ মাঠে ঢুকে গেলেন। মোহামেডান ফুটবলাররা ঢাকায় ফেরার বাসে উঠতে গেলে সেখানেও সমর্থকদের ভিড় সামাল দিয়ে উঠতে হয়। ছবি তোলার জন্য সমর্থকরা ভিড় করে।

৬৮ মিনিটে নাইজেরিয়ার এমানুয়েল সানডের গোলে সমতা আনে মোহামেডান, ১-১। ৭৯ মিনিটে শারিয়ার ইমনের দর্শনীয় হেড (২-১) পুলিশের গোলরক্ষক বুঝে উঠতে পারেননি। লিগের ফিরতি পর্বে ড্র করে পয়েন্ট হারানোর প্রতিশোধটাও নিয়ে নিল মোহামেডান। ফেডারেশন কাপ ফুটবলের বর্তমান চ্যাম্পিয়ন তারা। গতবার কুমিল্লায় টাইব্রেকিংয়ে আবাহনীকে হারিয়ে চ্যাম্পিয়ন হয়েছিল। এবার ফাইনাল ২১ মে,

ময়মনসিংহে। মোহামেডানের প্রতিপক্ষ নির্ধারণ হবে মুন্সীগঞ্জে বসুন্ধরা-আবাহনীর ম্যাচে ১৪ মে।

সূত্র: ইত্তেফাক

দুই ম্যাচ হাতে রেখে সিরিজ বাংলাদেশ

টানা দুই ম্যাচে দাপুটে জয়। তাই তৃতীয় ম্যাচেই বাংলাদেশের সামনে সুযোগ ছিল সিরিজ জয়ের। সেটাই করে দেখালো টাইগাররা। পাঁচ ম্যাচ টি-টোয়েন্টি সিরিজের তৃতীয় ম্যাচে জিম্বাবুয়েকে ৯ রানে হারিয়েছে বাংলাদেশ। এতেই দুই ম্যাচ হাতে রেখে সিরিজ নিজেদের করে নিলো নাজমুল হাসান শান্তর দল।

মঙ্গলবার (৭ মে) চট্টগ্রামের জহুর আহমেদ চৌধুরী স্টেডিয়ামে টস জিতে বাংলাদেশকে ব্যাটিংয়ে পাঠান জিম্বাবুয়ের অধিনায়ক সিকান্দার রাজা। ব্যাট করতে নেমে শুরুতেই চাপে পড়ে টাইগাররা। তবে তাওহিদ হৃদয় ও জাকের আলির ব্যাটে ৫ উইকেট হারিয়ে ১৬৫ রানের পুঁজি পায় বাংলাদেশ।

হৃদয় ৩৮ বলে ৫৭ ও জাকের আলি ৩৪ বলে ৪৪ রান করেন। জিম্বাবুয়ের পক্ষে ব্লেসিং মুজারবানি নেন ৩টি উইকেট।

১৬৬ রানের টার্গেটে ব্যাট করতে নেমে শুরুতেই জয়লর্ড গাম্বির উইকেট হারায় জিম্বাবুয়ে। দলীয় ১৬ রানে ৮ বলে ৯ রান করে আউট হন তিনি। জিম্বাবুয়ের এই ওপেনারকে ফেরান মোহাম্মদ সাইফুদ্দিন।

এরপর ক্রিজে এসেই সাজঘরে ফিরে যান ব্রায়ান বেনেট। ৮ বলে ৫ রান করে তানজিম সাকিবের বলে আউট হন এই ব্যাটার। তার বিদায়ের পর আউট হন ক্রেইগ এরভাইন।

দলীয় ৩৩ রানে ৭ বলে ৭ রান করে আউট হন এরভাইন। শুরুতেই তিন উইকেট হারিয়ে চাপে পড়ে জিম্বাবুয়ে। টাইগার বোলারদের বোলিং তোপে নিয়মিত বিরতিতে উইকেট হারাতে থাকে সফরকারীরা। ৫৮ রান সংগ্রহ করতে

আরও ৫ উইকেট হারিয়ে ম্যাচ থেকে ছিটকে যায় জিম্বাবুয়ে।

শেষ দিকে ফারাজ আকরামের ১৯ বলে ৩৪ রানের ইনিংস ম্যাচ জমিয়ে তোলে। তবে টাইগার বোলারদের নিয়ন্ত্রিত বোলিংয়ে ২০ ওভারে ৯ উইকেট হারিয়ে ১৫৬ রান সংগ্রহ করতে সক্ষম হয় জিম্বাবুয়ে। বাংলাদেশের পক্ষে সাইফুদ্দিন নেন ৩টি উইকেট।

সূত্র: ইত্তেফাক

টি-টোয়েন্টি বিশ্বকাপ নিশ্চিত করলো শ্রীলঙ্কা-স্কটল্যান্ড নারীদল

চলতি বছরের অক্টোবরে বাংলাদেশের অনুষ্ঠিত হবে নারী টি-টোয়েন্টি বিশ্বকাপ। রোববার (৫ মে) বৈশ্বিক এই আসরের সূচি প্রকাশ করেছে আইসিসি। বাছাই পর্ব থেকে আসন্ন বিশ্বকাপে জায়গা করে নিয়েছে শ্রীলঙ্কা ও স্কটল্যান্ড নারী ক্রিকেট দল।

আবুধাবিতে বিশ্ব বাছাই আসরের ফাইনালে উঠার মধ্য দিয়ে এই দুই দল বিশ্বকাপের টিকিট পেয়েছে। স্বাগতিক আরব আমিরাতকে ১৫ রানে হারিয়ে ফাইনাল নিশ্চিত করে শ্রীলঙ্কা।

অন্যদিকে প্রথম সেমিফাইনালে আয়ারল্যান্ডের বিপক্ষে জিতে আগেই ফাইনালে উঠে ছিলো স্কটল্যান্ড। এই দুই দল নিয়ে বিশ্বকাপের ১০ দল এখন পূর্ণ হলো। শ্রীলঙ্কা ও স্কটল্যান্ড কোন গ্রুপে পড়বে তা নিশ্চিত হবে ফাইনাল শেষ হওয়ার পর।

নিয়ম অনুযায়ী, চ্যাম্পিয়ন দল পড়বে ‘এ’ গ্রুপে। যেখানে তারা প্রতিপক্ষ হিসেবে পাবে অস্ট্রেলিয়া, ভারত, নিউজিল্যান্ড ও পাকিস্তানকে। আর রানার্স আপ দল খেলবে ‘বি’ গ্রুপে, যেখানে তাদের প্রতিপক্ষে বাংলাদেশ, ইংল্যান্ড, দক্ষিণ আফ্রিকা ও ওয়েস্ট ইন্ডিজ।

সূত্র: ইত্তেফাক

৩ অক্টোবর শুরু নারী টি-টোয়েন্টি বিশ্বকাপ

চলতি বছরেই অনুষ্ঠিত হবে পুরুষ ও নারী টি-টোয়েন্টি বিশ্বকাপ। যুক্তরাষ্ট্র ও ক্যারিবীয় দ্বীপপুঞ্জে ২ জুন থেকে শুরু হবে ছেলেদের বিশ্বকাপ। আর আগামী ৩ অক্টোবর বাংলাদেশে পর্দা উঠবে নারী বিশ্বকাপের। রোববার (৫ মে) দুপুরে রাজধানীর একটি হোটেলে নারীদের টি-টোয়েন্টি বিশ্বকাপের নবম আসরের সূচি ঘোষণা করা হয়।

৩ অক্টোবর শুরু হয়ে ২০ অক্টোবর ফাইনালের মধ্য দিয়ে পর্দা নামবে নারীদের টি-টোয়েন্টি বিশ্বকাপের নবম আসরের। ১০টি দলের বিশ্বকাপে দুই গ্রুপের আটটি দল চূড়ান্ত। বাকি দুটি দল আসবে বাছাইপর্ব খেলে।

বিশ্বকাপে কঠিন গ্রুপে পড়েছে লাল-সবুজের প্রতিনিধিরা। এ’ গ্রুপে ছয়বারের চ্যাম্পিয়ন অস্ট্রেলিয়ার সঙ্গে আছে ভারত, নিউজিল্যান্ড, পাকিস্তান ও বাছাইপর্বের একটি দল। ‘বি’ গ্রুপে স্বাগতিক বাংলাদেশের সঙ্গে আছে ইংল্যান্ড, দক্ষিণ আফ্রিকা, ওয়েস্ট ইন্ডিজ, দক্ষিণ আফ্রিকা ও বাছাইপর্ব উতরে আসা এক দল।

আসন্ন বিশ্বকাপে সর্বমোট ২৩টি ম্যাচ অনুষ্ঠিত হবে। বিশ্বকাপের মূল ম্যাচগুলো হবে মিরপুর হোম অব ক্রিকেট ও সিলেট আন্তর্জাতিক ক্রিকেট স্টেডিয়াম ও সিলেট আন্তর্জাতিক স্টেডিয়ামের গ্রাউন্ড ২’তে। আর প্রস্তুতি ম্যাচের ভেন্যু বিকেএসপি।

সূচি ঘোষণা অনুষ্ঠানে উপস্থিত ছিলেন ক্রীড়ামন্ত্রী ও বিসিবি সভাপতি নাজমুল হাসান পাপন এবং আইসিসির প্রধান নির্বাহী জিওফ অ্যালার্ডাইস। সঙ্গে বাংলাদেশ নারী দলের অধিনায়ক নিগার সুলতানা জ্যোতি ও ভারত নারী দলের অধিনায়ক হারমানপ্রীত কৌর।

সূত্র: ইত্তেফাক

[redacted]

[redacted]